মিডল্ স্কুলে ভর্তির জন্য আবেদন করুন!

NYC Department of Education

নিউ ইয়র্ক সিটির সকল পঞ্চম গ্রেডের শিক্ষার্থী (এবং যেসব স্কুল ষষ্ঠ (6) গ্রেডে শেষ হয় সেগুলোর ষষ্ঠ (6) গ্রেডের শিক্ষার্থীরা) এই শীতে মিডল্ স্কুলে আবেদন করতে পারে। 10 জানুয়ারির সপ্তাহ থেকে মিডল্ স্কুলে ভর্তির আবেদন শুরু হবে, এবং পহেলা (1) মার্চ আবেদন করার সময়সীমা শেষ হবে। কখন, কী করতে হবে, তা নিচে উল্লেখিত হলো!

2022-এ ভর্তির যাচাই-তালিকা বা চেকলিস্ট

ডিসেম্বর 2021 – জানুয়ারি 2022-এর প্রথমাংশ পর্যন্ত

- ☐ আপনার অভ্যর্থনামূলক চিঠিটি ডাকযোগে, আপনার স্কুল কাউন্সিলার, অথবা একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার থেকে সংগ্রহ করুন (নিচে দেখুন)। আপনি যেন আপনার অ্যাকাউন্ট ও আপনার সন্তানের আবেদনপত্র দেখতে পান, সেজন্য এই চিঠিতে তার মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরির অনন্য কোড দেয়া হবে।
- ☐ আপনার সন্তানের মিডল্ স্কুলের অপশনগুলো অন্বেষণ করতে, আপনার ডিস্ট্রিক্ট (1-32) সম্পর্কে জানতে, আপনার সন্তানের কোনও জোনভুক্ত মিডল্ স্কুল আছে কি না তা খুঁজতে, এবং পছন্দের প্রোগ্রামগুলো সেভ করতে **MySchools.nyc** -এ লগ ইন করুন।
- ☐ কোনও ভার্চুয়াল কিংবা সশরীরে উপস্থিতির অনুষ্ঠান আছে কি না, তা জানতে স্কুলের ওয়েবসাইট দেখুন অথবা তাদের সাথে যোগাযোগ করুন।

জানুয়ারি – 1 মার্চ, 2022

- ☐ যখন আবেদনের সময় শুরু হবে, তখন মাইস্কুলস্-এ লগ ইন করে আপনার আবেদনপত্রে প্রোগ্রামসমূহ যোগ করুন।
- ☐ আপনি যদি সুনির্দিষ্ট আর্টস্ প্রোগ্রামে আবেদন করেন, তবে ভর্তির অংশ হিসেবে একটি অডিশনও আবশ্যক হবে—আরও জানতে **schools.nyc.gov/MSAuditions** দেখুন।
- ☐ **1 মার্চ, 2022-এর মধ্যে মিডল্ স্কুলে আবেদন করুন।** আপনার সন্তানের আবেদনপত্রে, আপনার প্রথম পছন্দটি সবার উপরে #1 হিসেবে স্থান দিয়ে, আপনার পছন্দের ক্রমানুসারে (1, 2, 3 এভাবে), সর্বোচ্চ 12-টি প্রোগ্রাম তালিকাবদ্ধ করুন। নিচে প্রদত্ত উপায়গুলোর যেকোনো একটির মাধ্যমে আবেদন করুন:
  - **অনলাইনে MySchools.nyc-এর মাধ্যমে – সুপারিশকৃত!**
  - **সশরীরে হাজির হয়ে**
    - পাবলিক DOE/চার্টার স্কুলের শিক্ষার্থীদের জন্য: আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের মাধ্যমে।
    - প্রাইভেট/ প্যারোকিয়াল (ধর্মীয়) স্কুল শিক্ষার্থীদের জন্য: একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে—নিচের দেখুন।

মে 2022

- ☐ অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্টের তথ্য সহ, আপনার মিডল্ স্কুল অফার সংগ্রহ করুন
- ☐ আপনার সন্তানকে বাড়তি অপেক্ষা-তালিকায় যোগ করুন (ঐচ্ছিক)। যদি আপনার সন্তান একটি অপেক্ষা-তালিকার অফার পায়, তবে ঐ প্রোগ্রামটি আপনার সাথে সরাসরি যোগাযোগ করবে।

MySchools.nyc

পুরো অ্যাডমিশন্স প্রক্রিয়া জুড়ে, মিডল্ স্কুল সম্পর্কে জানতে এই রিসোর্স বা সংস্থানটি ব্যবহার করুন। যখন আবেদনের সময় শুরু হবে, তখন আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন এবং আপনার আবেদনপত্র জমা দিন। এরপর, আপনার অফার দেখতে এবং অপেক্ষা-তালিকা ব্যবস্থাপনা করতে আপনি একই অ্যাকাউন্ট ব্যবহার করবেন।

schools.nyc.gov/Middle

ভর্তি তথা অ্যাডমিশন্স সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য খুঁজুন। মিডল্ স্কুল অ্যাডমিশন্স সম্পর্কে জানতে ভিডিওসমূহ দেখুন, এতে অন্তর্ভুক্ত মাইস্কুলস্ কীভাবে ব্যবহার করতে হবে এবং শিক্ষার্থীরা কীভাবে অফার পেয়ে থাকে।

সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি!

পুরো প্রক্রিয়া জুড়ে আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে যোগাযোগ রক্ষা করুন।

schools.nyc.gov/FWC

এছাড়াও ব্যক্তিগতকৃত সহায়তা পেতে, আপনি একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যোগাযোগ করতে পারেন অথবা আমাদের **718-935-2009** নম্বরে ফোন করতে পারেন। আমরা আপনাকে আপনার স্কুলের অপশনসমূহ অন্বেষণ করতে, আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট দেখতে, এবং আবেদন করতে সহায়তা করতে পারি।

আবেদন সংক্রান্ত পরামর্শ

NYC Department of Education

1. আপনার অপশনসমূহ বুঝুন

যখন আপনি **MySchools.nyc** -এ লগ ইন করবেন, তখন সকল (এবং শুধুমাত্র যেসব) অপশনে আপনার সন্তান আবেদন করতে পারবে, সেগুলো আপনার ব্যক্তিগতকৃত ডিরেক্টরিতে প্রদর্শিত হবে। এসব প্রোগ্রামে ভর্তির জন্য বিবিধ যোগ্যতার শর্তাবলী রয়েছে:

ডিস্ট্রিক্ট প্রোগ্রামগুলো যেসব শিক্ষার্থী ঐ ডিস্ট্রিক্টে বসবাস করে শুধুমাত্র তাদের জন্য উন্মুক্ত, অথবা একটি সুনির্দিষ্ট এলাকা কিংবা জোনের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত হতে পারে। আপনার সন্তান তাদের মিডল্ স্কুল ডিস্ট্রিক্ট এবং যে ডিস্ট্রিক্টে তারা এলিমেন্টারি স্কুলে পড়েছে (যদি ভিন্ন হয়) সেখানে আবেদন করতে পারে।

বরোব্যাপী প্রোগ্রামগুলো যেসব শিক্ষার্থীরা ঐ একই বরোতে বসবাস করে এবং/অথবা সেটার কোনও স্কুলে পড়াশোনা করে, তাদের জন্য উন্মুক্ত। উদাহরণস্বরূপ, যদি আপনার সন্তান ব্রুকলিনে বসবাস করে, তারা ব্রুকলিনে অবস্থিত বরোব্যাপী প্রোগ্রামগুলোতে আবেদন করার যোগ্য।

সিটিব্যাপী প্রোগ্রামগুলো নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী সকল শিক্ষার্থীর জন্য উন্মুক্ত।

2. আপনার সম্ভাবনা কতটুকু জানুন

সর্বসাম্প্রতিক তথ্য | স্ক্রিনিং বা যাচাইকরণ স্থগিত 2021-এর হেমন্তে (ফল-এ) আমরা মিডল্ স্কুলে প্রবেশকারী শিক্ষার্থীদের জন্য যেভাবে করেছি, ঠিক একইভাবে 2022-এর হেমন্তে মিডল্ স্কুলে প্রবেশকারী আবেদনকারীদের জন্যেও DOE যাচাইকরণ (স্ক্রিনিং) স্থগিত রাখবে। এর অর্থ হচ্ছে, কোনও শিক্ষার্থীকে তার শিক্ষায়তনিক রেকর্ডের ভিত্তিতে মিডল্ স্কুলে ভর্তি করা হবে না। এর পরিবর্তে, পূর্বে যাচাইকরণ (স্ক্রিনিং) অথবা যৌগিক (কম্পজিট) স্কোর ব্যবহারকারী প্রোগ্রামগুলোতে গত বছর যেভাবে অফার দেয়া হয়েছিল ঠিক একইভাবে অফার দেয়া হবে - বেশীরভাগ NYC মিডল্ স্কুলগুলোতে ইতোমধ্যে যেসব বৈশিষ্ট্য ব্যবহৃত হয় সেগুলোর ভিত্তিতে (নিচে দেখুন)। যাচাইকরণ (স্ক্রিনিং) স্থগিত করা হয়েছে কারণ আবেদনকারীদের মূল্যায়ন করার জন্য সমতাভিত্তিক মানদণ্ডসমূহ আবারও অনুপস্থিত।

এই অ্যাডমিশন্স বা ভর্তির বৈশিষ্ট্য চারটি, প্রতিটি প্রোগ্রামে আপনার সন্তানের সুযোগ সম্পর্কে জানতে আপনাকে আরো ভালভাবে সহায়তা করবে।

আপনার পছন্দসমূহ
আপনার আবেদনপত্রে আপনার বেছে নেয়া প্রোগ্রামসমূহ এবং এগুলো কীভাবে ধারাক্রম করেন তা গুরুত্ব বহন করে!

- পছন্দের প্রোগ্রামগুলো তালিকাবদ্ধ করার পর, বাড়তি পছন্দসমূহ সম্পর্কে জানা এবং সেগুলো আপনার আবেদনপত্রে যোগ করার বিষয়টি বিবেচনা করুন। অধিক প্রোগ্রামে আবেদন করা উপরের সারিতে তালিকাবদ্ধ কোনও পছন্দে আপনার সন্তানের ভর্তির সম্ভাবনায় কোনও প্রভাব ফেলবে না।
- আপনার অগ্রাধিকারক্রম অনুযায়ী প্রোগ্রামগুলোকে স্থান দেয়ার চেয়ে ভাল কৌশল আর কিছু নেই। স্কুলগুলো আপনার আবেদনপত্রে তারা প্রথম নাকি শেষ পছন্দ, তা জানতে পারবে না। আপনাকে সবসময়ই আপনার প্রোগ্রামের তালিকায় প্রথম পছন্দে বিবেচনা করা হবে; যদি আপনি সেখান থেকে কোনও অফার না পান, তবে আপনাকে আপনার দ্বিতীয় পছন্দের প্রোগ্রামে এমনভাবে বিবেচনা করা হবে, যেন সেটাই ছিল আপনার প্রথম পছন্দ, এবং এভাবে চলতে থাকবে।

প্রতিটি প্রোগ্রামের লভ্য আসন সংখ্যা
ভিন্ন ভিন্ন প্রোগ্রামে লভ্য আসন সংখ্যায় তারতম্য হবে।

- শুধুমাত্র ভর্তির উদ্দেশ্যের জন্য, সকল প্রোগ্রাম দুইটি আখ্যায় শিক্ষার্থীদের জন্য আসন সংরক্ষণ করে এবং ভর্তি করে: জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) শিক্ষার্থী (GE) এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীবৃন্দ (SWD)। আপনার আবেদনপত্রে GE অথবা SWD উল্লেখিত হবে।
- একটি প্রোগ্রামের **আসন প্রতি আবেদনকারীর** সংখ্যা, (যা মাইস্কুলস্-এ দেখানো হয়েছে) গত বছর ঐ প্রোগ্রামে কতটা চাহিদা ছিল তা দেখাতে সহায়তা করে। উচ্চতর-চাহিদাযুক্ত প্রোগ্রামগুলোতে আসন সংখ্যার চেয়ে অধিকতর আবেদনকারী থাকতে পারে, যার অর্থ হচ্ছে একটি অফার পাবার সম্ভাবনা কম। আপনি যদি অধিক চাহিদা সম্পন্ন প্রোগ্রামগুলিতে আবেদন করেন, তাহলে এমন কিছু প্রোগ্রামেও আবেদন করুন যেখানে আসন প্রতি আবেদনকারীর সংখ্যা কম।

প্রতিটি প্রোগ্রামের অগ্রাধিকারপ্রাপ্ত গ্রুপ
কিছু প্রোগ্রাম ভর্তিতে অগ্রাধিকার ব্যবহার করে, এর অর্থ তারা কোনও সুনির্দিষ্ট আবেদনকারী গ্রুপকে অন্যদের চেয়ে আগে অগ্রাধিকার প্রদান করে।

- যদি আসন সংখ্যার চেয়ে আবেদনকারীর সংখ্যা বেশি হয়, তবে প্রোগ্রামটি আবেদনকারীদের অগ্রাধিকার প্রাপ্ত গ্রুপের ক্রমানুসারে ভর্তি করে: অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 2 -এর কোনো আবেদনকারীকে বিবেচনা করার আগে, অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপ 1 -এর সকল আবেদনকারীকে আগে ভর্তি করা হবে, এবং এভাবে চলবে।
- কিছু মিডল্ স্কুল ভর্তির অগ্রাধিকারে একটি বৈচিত্র্যময়তা ব্যবহার করে: একটি নির্দিষ্ট সংখ্যক আসনের জন্য, তারা সুনির্দিষ্ট গ্রুপের আবেদনকারীদের অগ্রাধিকার প্রদান করে, যেমন স্বল্প আয়ের পরিবারের শিক্ষার্থীরা, যারা অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাস করছে, অথবা যারা ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার)।
- যেকোনো প্রোগ্রামের **অগ্রাধিকারপ্রাপ্ত (প্রায়োরিটি) গ্রুপগুলো** সেটার মাইস্কুলস্ পেইজে খুঁজে নিন। আপনার সন্তান প্রতিটি প্রোগ্রামে অগ্রাধিকারপ্রাপ্ত হিসেবে কোথায় রয়েছে তা দেখতে লগ ইন করুন। আপনার সন্তান অগ্রাধিকারপ্রাপ্ত বা প্রায়োরিটি গ্রুপ 1-এ রয়েছে এমন কিছু প্রোগ্রামে আবেদন করুন: আপনি একটি প্রোগ্রাম প্রথমে বা শেষে - যেখানেই তালিকাবদ্ধ করেন, আপনার সন্তান সেটায় ভর্তিতে একই অগ্রাধিকার বজায় রাখবে।

প্রতিটি প্রোগ্রামের ভর্তি (অ্যাডমিশনস্) পদ্ধতিসমূহ
কিছু প্রোগ্রাম ভিন্ন উপায়ে অফার প্রদান করে। সকল প্রোগ্রামের ক্ষেত্রে, প্রত্যেক আবেদনকারীকে একটি কম্পিউটারের মাধ্যমে এলোমেলোভাবে একটি নম্বর বরাদ্দ করা হবে, একটি লটারিতে যেভাবে করা হয় সেভাবে।

মিডল্ স্কুল প্রোগ্রামগুলো নিচের ভর্তির পদ্ধতিগুলোর কোনও একটি ব্যবহার করে:

- **উন্মুক্ত।** যখন কোনও প্রোগ্রামে আসন সংখ্যার চেয়ে আবেদনকারীর সংখ্যা বেশি হয়, তখন একটি প্রোগ্রামে কে প্রথম অফার পাবে এবং কোন্ ধারাক্রমে হবে, সেই সিদ্ধান্ত নিতে এই এলোমেলোভাবে নির্ধারিত নম্বরগুলো ব্যবহৃত হবে (অগ্রাধিকার বা প্রায়োরিটি গ্রুপের মধ্যে)।
- **জোনভুক্ত অথবা কন্টিনিউইং (বর্তমান স্কুলে পরবর্তী গ্রেডে পড়ালেখা চালিয়ে যাওয়া)।** কিছু প্রোগ্রামের ক্ষেত্রে, শিক্ষার্থীদের প্রথমে ঐ মিডল্ স্কুলের জোনে বসবাস করার প্রেক্ষিতে অথবা একজন কন্টিনিউইং (বর্তমান) শিক্ষার্থী হওয়ার প্রেক্ষিতে প্রথম ভর্তি করা হয়।
- **সর্বসাম্প্রতিক তথ্য | অডিশন।** এই বছর, আর্ট ভিত্তিক প্রোগ্রামগুলোকে আবেদনকারীদের ভার্চুয়ালভাবে অডিশন গ্রহণ করার অনুমোদন দেয়া হবে। স্ক্রিনিং বা যাচাইকরণের সাথে সামঞ্জস্য রেখে, এই প্রোগ্রামগুলোতে শিক্ষার্থীদের কোনও শিক্ষায়তনিক তথ্য অথবা পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হবে না।